



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০০৯.২০.৪৪৫

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৮

২৫ জুলাই ২০২১

বিষয়: নারায়নগঞ্জ জেলার সানারপাড় রওশন আরা ডিগ্রি কলেজের শিক্ষক জনাব লতিফা বেগম এর পদত্যাগের সঠিকতা যাচাইকরণ প্রসঙ্গে।

সূত্র: সিআইডি কার্যালয়, ঢাকা এর স্মারক নম্বর : ফরেনসিক ল্যাবরেটরি(ঢাকা)/হস্তলিপি শাখা/HW-1-0214-2021/2487/2021 তারিখ : 21/06/2021


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নারায়নগঞ্জ জেলার সানারপাড় রওশন আরা ডিগ্রি কলেজের শিক্ষক জনাব লতিফা বেগম, প্রভাষক(ইংরেজি) এর গত ১০/১০/২০১৭ খ্রি. তারিখে অধ্যক্ষ বরাবর দাখিলকৃত পদত্যাগ পত্রটি সঠিক নয় মর্মে অভিযোগ দায়ের করেন এবং সিআইডির মাধ্যমে পদত্যাগ পত্রের স্বাক্ষর যাচাইয়ের জন্য জনাব লতিফা বেগম মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে আবেদন করেন। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পত্রের প্রেক্ষিতে সিআইডি কার্যালয়, ঢাকা কর্তৃক জনাব লতিফা বেগম এর পদত্যাগের পত্রের স্বাক্ষর যাচাই করে সিআইডি কার্যালয়, ঢাকা এর স্মারক নম্বর : ফরেনসিক ল্যাবরেটরি(ঢাকা)/হস্তলিপি শাখা/HW-1-0214-2021/2487/2021 তারিখ : 21/06/2021 মোতাবেক মতামতসহ উপকরণাদি ফেরত প্রদান করেন।

প্রাপ্ত দলিলপত্রাদির পরীক্ষা : লতিফা বেগম এর ইংরেজীতে স্বাক্ষর **Latifa** এর গ, গ-১ হতে গ-২৯ চিহ্নিত প্রামাণ্য স্বাক্ষরসমূহকে পরস্পর পরীক্ষা করলে এদের মধ্যে (বিভিন্ন অক্ষর ও ক্যারেক্টারের বিচারে) অভ্যন্তরীণ সামঞ্জস্যতা পাওয়া যায়। স্বাক্ষরসমূহের মধ্যে **genuine** লেখার আবশ্যিক বৈশিষ্ট্য **Natural Variation** ছাড়া মৌলিক কোন পার্থক্য পরিলক্ষিত হয়নি। সামগ্রিকভাবে **Latifa** এর গ, গ-১ হতে গ-২৯ চিহ্নিত প্রামাণ্য স্বাক্ষরসমূহকে তুলনামূলক পরীক্ষার উপযোগী গন্য করা যায়। সামগ্রিকভাবে লতিফা বেগম এর ইংরেজীতে স্বাক্ষর **Latifa** এর গ, গ-১ হতে গ-২৯ চিহ্নিত প্রামাণ্য স্বাক্ষরসমূহের সাথে ক চিহ্নিত বিতর্কিত স্বাক্ষরের তুলনামূলক পরীক্ষা করলে এদের মধ্যে (অক্ষর ও ক্যারেক্টারের বিচারে) লেখার সাধারণ ও ব্যক্তিগত উভয় প্রকার বৈশিষ্ট্যের মিল পাওয়া যায়। সাধারণ বৈশিষ্ট্যের ক্ষেত্রে **Movement, Speed, Skill, Linequality, Alignment, Rhythm, Pen Pressure, Slant** ইত্যাদির মিল। ব্যক্তিগত বৈশিষ্ট্যের ক্ষেত্রে অক্ষর **L,a,t,i,f,a** ও স্ট্রোকস এর গঠন, আকৃতি, প্রকৃতি, বৈশিষ্ট্য এবং এদের **commence Joint, Position, Finishing** ইত্যাদিসহ সম্পাদনরীতির মিল রয়েছে। স্বাক্ষরসমূহের মধ্যে **genuine** লেখার আবশ্যিক বৈশিষ্ট্য **Natural variation** ছাড়া মৌলিক কোন পার্থক্য পরিলক্ষিত হয় না।

মতামত : লতিফা বেগম এর ইংরেজীতে স্বাক্ষর '**Latif**' এর গ, গ-১ হতে গ-২৯ চিহ্নিত প্রামাণ্য স্বাক্ষরসমূহের সাথে 'ক' চিহ্নিত বিতর্কিত স্বাক্ষরের মিল রয়েছে।

সিআইডি কার্যালয়, ঢাকা এর মতামত অনুযায়ী দেখা যায়, জনাব লতিফা বেগম এর পদত্যাগের পত্রের স্বাক্ষরের সাথে তার অন্যান্য রেকর্ডপত্রের হাতের লেখা ও স্বাক্ষরের মিল রয়েছে।

বিষয়টি অবহিত করা হলো।



২৫-৭-২০২১

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক(কলেজ-৩)


জনাব লতিফা বেগম, পদত্যাগকারী শিক্ষক, সানারপাড়
রওশন আরা ডিগ্রি কলেজ, নারায়নগঞ্জ।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০০৯.২০.৪৪৫/১(৪)

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৮
২৫ জুলাই ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা;
- ২) সভাপতি, গভর্নিং বডি, সানারপাড় রওশন আরা ডিগ্রি কলেজ, নারায়নগঞ্জ;
- ৩) অধ্যক্ষ, সানারপাড় রওশন আরা ডিগ্রি কলেজ, নারায়নগঞ্জ;
- ৪) সংরক্ষণ নথি।



২৫-৭-২০২১

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক(কলেজ-৩)